

💵 সহজ ফিকহ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যয়: ইবাদাত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

হজ ও উমরার ওয়াজিবসমূহ

হজের ওয়াজিবসমূহ:

হজের ওয়াজিব সাতটি। তাহলো:

- ১ মিকাত থেকে ইহরাম বাঁধা।
- ২- যে ব্যক্তি দিনের বেলায় 'আরাফাতে অবস্থান করবে তার জন্য সূর্যান্ত পর্যন্ত 'আরাফাতে অবস্থান করা।
- ৩- কুরবানীর রাত মুযদালিফায় মধ্যরাতের বেশি অবস্থান করা।
- ৪- আইয়ামে তাশরীকে মিনার রাতগুলো মিনায় যাপন করা।
- ৫- ধারাবাহিকভাবে তিন জামরায় কঙ্কর নিক্ষেপ করা।
- ৬- মাথা মুগুন বা চুল ছোট করা।
- ৭- বিদায়ী তাওয়াফ।

উমরার ওয়াজিবসমূহ:

উমরার ওয়াজিব দু'টি:

- ১- মক্কাবাসী হালাল এলাকা থেকে এবং মক্কার বাইরে থেকে আগতরা মিকাত থেকে ইহরাম বাঁধা।
- ২- মাথা মুণ্ডন বা চুল ছোট করা।

কেউ উপরোক্ত রুকনের কোনো একটি ছেড়ে দিলে তার হজ ও উমরা আদায় হবে না।

কারো হজ ও উমরার ওয়াজিব ছুটে গেলে তাকে দম (প্রাণি যবাই) দিতে হবে। তবে সুন্নাত ছুটে গেলে তাকে কিছু দিতে হবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9632

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন